

অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারে
ক্যান্সার রোগীদের পেরিফেরালি ইনসার্টেড সেন্ট্রাল ক্যাথেটার



অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারের বিশেষজ্ঞ চিকিৎসকগণ এই প্রথম ক্যান্সার রোগীদের কেমোথেরাপি প্রদানের জন্য পেরিফেরালি ইনসার্টেড সেন্ট্রাল ক্যাথেটার (PICC) স্থাপন করলেন। ক্যান্সারে আক্রান্ত রোগীদের একই শিরার মধ্যে ক্রমান্বয়ে কেমোথেরাপি প্রদানের ফলে শিরাগুলি নষ্ট হয়ে যায়। তাই এই পেরিফেরালি ইনসার্টেড সেন্ট্রাল ক্যাথেটার (PICC) এর ফলে রোগীরা এখন সহজেই কেমোথেরাপি নিতে পারবে। গত ২৭ জানুয়ারি বিশেষজ্ঞ ক্যান্সার চিকিৎসকগণ অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারে এক ক্যান্সার রোগীর কেমোথেরাপি প্রদানের জন্য পেরিফেরালি ইনসার্টেড সেন্ট্রাল ক্যাথেটার (PICC) স্থাপন করেন। তাতে রোগীদের স্যালাইন থেকে শুরু করে কেমোথেরাপি সবই দেওয়া যাবে। এই প্রক্রিয়াটি করার জন্য ক্যান্সার রোগীদের আগে বহিরাঙ্গের বেসরকারি হাসপাতালে যেতে হত এবং যা অত্যন্ত ব্যয় সাপেক্ষ ছিল। রোগীদের কম করেও এরজন্য এক থেকে দেড় লক্ষ টাকা ব্যয় করতে হত। কিন্তু রাজ্যেই এখন ক্যান্সারে আক্রান্ত রোগীরা অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারের বিশেষজ্ঞ ক্যান্সার চিকিৎসকদের তত্ত্বাবধানে উক্ত সুবিধা পাবেন। এজন্য রোগীদের ন্যূনতম ১৬ হাজার টাকা ব্যয় করতে হবে। তবে এই মূল্যটিও আরো কিভাবে কমানো যায় সেই প্রয়াস জারি রয়েছে। উক্ত প্রক্রিয়ায় ছিলেন বিশেষজ্ঞ অঙ্কো অ্যানেস্থেসিয়া চিকিৎসক ডাঃ মৃগাল দেববর্মা ও এনেসথিওলজিস্ট ডাঃ দেবাশিস দেব রায়। এছাড়াও ওটি টেকনিশিয়ান ছিলেন প্রাঞ্চল আচার্য ও অম্মান দাশগুপ্ত। উল্লেখ্য, এই ধরনের প্রক্রিয়া রাজ্যে এই প্রথম করা হয়েছে। এর ফলে অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারে ক্যান্সার আক্রান্ত রোগীদের উপকৃত হবে। ভারপ্রাপ্ত স্বাস্থ্য অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।